

৪ দফা দাবি জানিয়ে অনশন ভেঙেছেন ইবি শিক্ষার্থীরা

ইবি সংবাদদাতা ||

প্রকাশিত: ১২:০৯, ৫ নভেম্বর ২০২৪



৪ দফা দাবি জানিয়ে প্রায় ১৩ ঘণ্টা পর অনশন ভেঙেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) চারুকলা বিভাগের শিক্ষার্থীরা। সোমবার (৪ নভেম্বর) দিবাগত রাত ৪টায় তারা কলা অনুষদে ডিন অধ্যাপক ড. এমতাজ হোসেনের আশ্বাসে তারা কর্মসূচি স্থগিত করেন। এর আগে বিকেল প্রায় সোয়া তিনটায় তারা অনশন শুরু করেন। অনশনে চারজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েন।

তাদের চার দফা দাবি হলো- বরাদ্দকৃত কক্ষ আমাদেরকে বুঝিয়ে দিতে হবে, ক্যাম্পাসে দখলে ভিত্তিতে কক্ষ বরাদ্দের সংস্কৃতি নির্মূল করতে হবে, শিক্ষার্থীদের সাথে অসদাচরণের দা

ফখরুল স্যারের প্রশাসনকতৃক শোকজ করা লাগবে এবং দাবি আদায় না হলে ব্যর্থতার দা নিয়ে ডিন স্যারকে পদত্যাগ করতে হবে।

অনশন চলাকালে বিভাগের সভাপতি অধ্যাপক ড. কামরুল হাসান, বিভাগের শিক্ষক ইমতিয়াজ রাসেল রায়হায় উদ্দীন ফকির, তানিয়া আফরোজ উপস্থিত ছিলেন।

অনশনরত শিক্ষার্থীরা বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমাদের দাবির বিষয়টি সমাধা করবেন বলে আশ্বস্ত করেছেন যা কলা অনুষদের ডিন মহাদয় আমাদের বিভাগের সভাপতি উপস্থিতিতে নিশ্চিত করেছেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে সমন্বয়করা আমাদের অধিকার আদায়ের জন্য চেষ্টা করবেন বলে জানিয়েছেন। এই মতে তাদের ওপরও আস্থা রাখলাম। যদি দাবি মেনে না হয়, তাহলে পরবর্তী কর্মসূচী আমরা নির্ধার করবো।

এর আগে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. এমতাজ হোসেন অনশনরত শিক্ষার্থীদে উদ্দেশ্যে বলেন, আগামীকাল (আজ মঙ্গলবার) উপাচার্যের সাথে বসে চারুকলার বরাদ্দকৃ রুমে তুলে দেয়ার জন্য আমি সর্বোচ্চ চেষ্টা করবো। আমি যদি ব্যর্থ হই তাহলে আমি স্বেচ্ছা পদত্যাগ করে আন্দোলনরত শিক্ষার্থীদের সাথে বসবো।

